



41739 - যার উপর দীর্ঘ ময়োদি ঋণ আছে তিনি কি হজ্জ করবেন?

প্রশ্ন

আমি জানি যার উপরে ঋণ আছে তার উপরে হজ্জ ফরয হয় না। কিন্তু, দীর্ঘ ময়োদি ঋণের ক্ষেত্রেও এটি প্রযোজ্য হবে? হতে পারে কোন ব্যক্তির রয়লে এস্টেট ব্যাংকে ঋণ আছে। যে ঋণ পরিশোধ করতে তার আজীবন লগে যাবে। এই ব্যক্তির উপর কি হজ্জ ফরয?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

যদি কোন ঋণ তাৎক্ষণিকভাবে পরিশোধ করা আবশ্যিক হয় তাহলে হজ্জের উপর সের ঋণকে প্রাধান্য দয়ো হবে; যহেতে হজ্জ ফরয হওয়ার আগহে ঋণ হয়ছে। তাই আগে ঋণ পরিশোধ করে তারপর হজ্জ আদায় করবে। যদি ঋণ পরিশোধ করার পর তার কাছে কোন কিছু না থাকে তাহলে আল্লাহ তাকে সম্পদশালী করা পর্যন্ত অপেক্ষা করবে। আর যদি নিয়মতান্ত্রিক ময়োদি ঋণ হয় এবং ব্যক্তি নিজের ব্যাপারে নিশ্চিতি হয় যে, ঋণ পরিশোধের সময় হলে সের পরিশোধ করতে পারবে তাহলে এ ঋণ হজ্জ ফরয হওয়ার বাধাগ্রস্ত করবে না; এক্ষেত্রে ঋণদাতা তাকে অনুমতি দিয়ে থাকুক কিংবা না দিয়ে থাকুক। আর যদি সের ব্যক্তি ঋণ পরিশোধ করার ব্যাপারে নিশ্চিতি না হয় তাহলে ঋণ পরিশোধের সময় পর্যন্ত অপেক্ষা করবে।

এর আলোকে আমরা বলব: 'ভূ-সম্পত্তি উন্নয়ন ফান্ড' এ যার ঋণ আছে সের যদি নিজের ব্যাপারে জানে যে, ঋণ পরিশোধের ময়োদে সের পরিশোধ করতে পারবে তাহলে ঋণ থাকা সত্ত্বেও তার উপর হজ্জ ফরয হবে। [ফাতাওয়া ইবনে উছাইমীন (২১/৯৬)]

আরও জানতে দেখুন: [36852](#) নং প্রশ্নোত্তর।